



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৮৮/২২

তারিখ: ২৯ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২২ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর দিনাজপুর ও নীলফামারী জেলার দাওয়াহ শাখার অন্যতম প্রধান গ্রেফতার।

গত ৪ ডিসেম্বর ২০২১ খ্রি. নীলফামারী জেলার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর ০৫ জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে নীলফামারী সদর থানার মামলা নং-০১, তাং-০৫/১২/২০২১ খ্রিঃ, ধারা- সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৬(২) এর (অ)/৬(২) এর (ই)/৬(২) এর (ঈ) /৬(২) এর (উ)/৮/১০/১১/১২/১৩ রুজু করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃতদের পুলিশ হেফাজতে এনে ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হয়।

গ্রেফতারকৃতদের দেয়া তথ্যের উপর ভিত্তি করে এন্টি টেররিজম ইউনিট এর একটি গোয়েন্দা দল নীলফামারী ও দিনাজপুর অঞ্চলের সক্রিয় জেএমবি সদস্যদের গ্রেফতারের জন্য ধারাবাহিক অভিযান পরিচালনা করতে থাকে। সেই অভিযানের অংশ হিসেবে গত ১১ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ এটিইউ নীলফামারী জেলার বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)”র ০৩ জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করে এবং নীলফামারী সদর থানার উক্ত মামলায় আদালতে সোপর্দ করে। এতে উক্ত এলাকার সক্রিয় সদস্যরা ঢাকা এবং চট্টগ্রামের বিভিন্ন এলাকায় আত্মগোপনে চলে যায়। এটিইউ’র একটি গোয়েন্দা দল নিজস্ব তথ্যের ভিত্তিতে ১৩/০১/২০২২ খ্রি. রাত ১২.৩০ ঘটিকায় ঢাকায় আত্মগোপনে থাকা দিনাজপুর ও নীলফামারী জেলার দাওয়াহ বিভাগের অন্যতম প্রধান হাফেজ মো: ওয়াহিদুল ইসলাম (৩৮) কে গাবতলী আরিচা হাইওয়ের এসএস ফিলিং স্টেশনের সামনে থেকে গ্রেফতার করেছে। হাফেজ মো. ওয়াহিদুল ইসলাম দিনাজপুরের খানাসামা থানাধীন মন্ডলের বাজার কুমুড়িয়া হাফিজিয়া মাদ্রাসার হেফজখানার হাফেজ শিক্ষক। শিক্ষকতার আড়ালে তিনি দিনাজপুর ও নীলফামারী জেলার জেএমবি’র দাওয়াহ শাখার অন্যতম প্রধান হিসেবে দাওয়াতি ও সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করে আসছিলেন। গ্রেফতারকালে তার নিকট থেকে এন্টি টেররিজম ইউনিট ০১ টি মোবাইল সেট ও ০২ টি সীম কার্ড জব্দ করেছে।

গ্রেফতারকৃত হাফেজ মো: ওয়াহিদুল ইসলামের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।


১৩/০১/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ ঢাকা

Email: atu.spma@police.gov.bd